

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সাথে অনুষ্ঠিত বৈঠক প্রসঙ্গে।

অদ্য ০৪ ডিসেম্বর ২০২৪ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব জনাব নাজমা মোবারক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)- এ আগমন করেন এবং এসময় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বিএসইসি'র মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত বৈঠকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব জনাব নাজমা মোবারক, অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব, যুগ্মসচিব জনাব কামরুল হক মারুফ, উপসচিব জনাব ফরিদা ইয়াসমিনসহ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কর্মকর্তাবৃন্দ এবং বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র নির্বাহী পরিচালকবৃন্দ ও পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।


বৈঠকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব জনাব নাজমা মোবারক অন্যান্যের মধ্যে বলেন, পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বিএসইসি বৃহৎ ও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। দেশের বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগের যোগ্য পরিবেশ তৈরি করতে হবে বলে বৈঠকে মন্তব্য করেন তিনি। এসময় পুঁজিবাজারের বিভিন্ন পলিসি সংক্রান্ত বিষয়ে এবং বাজারে বিদ্যমান চ্যালেঞ্জগুলোর সমাধানে একসাথে কাজ করার কথা উল্লেখ করেন তিনি।

বিএসইসি কার্যালয়ে আগমন এবং বৈঠকে অংশগ্রহণের জন্য বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব মহোদয়কে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। পুঁজিবাজারের বিদ্যমান সংকট নিরসনে এবং পুঁজিবাজারের সম্ভাবনাকে কাজে লাগাতে বিএসইসি নিরলসভাবে কাজ করছে বলে জানান তিনি। এসময় তিনি পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারে অর্থ মন্ত্রণালয় ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে সহযোগিতার অনুরোধ জানান। দেশের অর্থনীতি ও ব্যাংকিং ব্যবস্থার উন্নয়নের জন্য দেশের পুঁজিবাজারের বিকাশ ও উন্নয়ন করতে হবে এবং দেশের অর্থনীতির স্বার্থে সমন্বিত আর্থিক ব্যবস্থা ও নীতিমালা দরকার বলে বৈঠকে মন্তব্য করেন তিনি।

এছাড়াও বৈঠকে বক্তব্য রাখেন বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী। তিনি দেশের অর্থনীতি ও পুঁজিবাজারের স্বার্থে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সম্মানিত সচিব মহোদয়ের উদ্যোগী মনোভাবের প্রশংসা করেন এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি'র সক্ষমতা বৃদ্ধিসহ বিএসইসি'র কার্যক্রম বৃদ্ধির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি দেশের পুঁজিবাজারের বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধি এবং দেশব্যাপী বিনিয়োগ শিক্ষার প্রসার নিশ্চিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কথা বলেন। সর্বোপরি পুঁজিবাজারের উন্নয়নে সংশ্লিষ্টদের সহায়তার অনুরোধ জানান তিনি।

বৈঠকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব অন্যান্যের মধ্যে বলেন, পুঁজিবাজারের উন্নয়নের জন্য প্রয়োজনীয় সবধরনের সহায়তা করবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ। পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের বিনিয়োগের সুরক্ষার উপর বিশেষ গুরুত্বারোপ করেন তিনি। পুঁজিবাজারে বিভিন্ন অনিয়মে জড়িতদের বিরুদ্ধে কমিশনকে কঠোর হওয়ার আহ্বান জানান এবং সকল ধরনের অনিয়ম রোধে উদ্যোগ নিতে অনুরোধ করেন।

বৈঠকে বিএসইসি'র পক্ষ হতে বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ রেজাউল করিম 'Roles and functions of Bangladesh Securities and Exchange Commission(BSEC)' ও 'Current Scenario of Capital Market of Bangladesh: Challenges, Prospects and Strategies' শীর্ষক প্রেজেন্টেশন উপস্থাপন করেন। প্রেজেন্টেশনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ভিশন ও মিশন, মূল ক্রিয়াকলাপ (functions), বিদ্যমান কাঠামো ও লোকবল, দেশের পুঁজিবাজার ও তার সার্বিক পরিকাঠামো এবং কমিশন বিভিন্ন ডিভিশন ভিত্তিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয়। দেশের পুঁজিবাজারের বর্তমান বাজার পরিস্থিতি, দক্ষিণ পূর্বে এশিয়ার অন্যান্য দেশের পুঁজিবাজারের সাথে দেশের বাজারের তুলনামূলক চিত্র, পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারের জন্য বিএসইসি'র স্ট্র্যাটেজিসমূহ এবং সাম্প্রতিক সময়ে বিএসইসি কতৃক ইতোমধ্যে গৃহীত পদক্ষেপসমূহ, পুঁজিবাজারের উন্নয়নে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ এবং তার সম্ভাব্য সমাধান ও ভবিষ্যৎ করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও বৈঠকে পুঁজিবাজারে বিদ্যমান নেগেটিভ ইকুইটি'র সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ, সরকারি মালিকানাধীন ভালো কোম্পানিসমূহকে পুঁজিবাজারে তালিকাভুক্তি এবং প্রতিটি তফসিলি ব্যাংক কতৃক Solo ও Consolidated বিনিয়োগ সীমার অতিরিক্ত হিসেবে বিশেষ তহবিল ২০০ (দুইশত কোটি) টাকা হতে ৩০০ (তিনশত) কোটি টাকায় উন্নীতকরণ ও উহার মেয়াদ ফেব্রুয়ারি, ২০২৫ ইং হতে পরবর্তী ৫ বছরের জন্য বৃদ্ধির মাধ্যমে পুঁজিবাজারে তারল্য সহায়তা প্রদানসহ পুঁজিবাজারের উন্নয়ন সম্পৃক্ত বিভিন্ন বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে জোরালো ভূমিকা গ্রহণের আহ্বান জানানো হয়।


মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

